

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, হাইড্রোকার্বন ইউনিট।

অনলাইনে অনুষ্ঠিত হাইড্রোকার্বন ইউনিট এর জুলাই/২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	এ এস এম মঞ্জুরুল কাদের মহাপরিচালক
সভার তারিখ	১৫/০৭/২০২১
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	অনলাইন, জুম এপস
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জাকির হোসেন (পরিচালক) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২.০। আলোচনাঃ

২.১। গত ২১-০৬-২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত
০১।	<p>প্রশাসনিক</p> <p>মহাপরিচালক হাইড্রোকার্বন ইউনিটের গত বছরের অর্জন গুলো নিয়ে আলোচনা করেন। তিনি বলেন নিজেদের দাবিগুলো মন্ত্রণালয়ে তুলে ধরতে হবে। তিনি আরো বলেন, আমাদের অর্জন গুলো যেন যথাযথ মূল্যায়ন হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। মহাপরিচালক সামনের অর্থবছরের কাজগুলোর বিষয়েও নির্দেশনা প্রদান করেন। তিনি ডকুমেন্টেশন তৈরি এবং সাইনবোর্ডের তৈরির অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) জনাব শিহাব মাহমুদ জানান, ডকুমেন্টেশন ও সাইনবোর্ডে তৈরীর কাজ চলমান রয়েছে। মহাপরিচালক বলেন কোয়ালিটি এবং কন্সটিং ব্যালেন্স করে কাজটি সম্পাদন করতে হবে। মহাপরিচালক এপসের বিষয়ে জানতে চাইলে, সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) শিহাব মাহমুদ জানান, কাজ চলমান রয়েছে।</p>	আলোচনায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।
০২।	<p>ড্যাশবোর্ডে</p> <p>মহাপরিচালক ড্যাশবোর্ডের তথ্য নিয়মিত আপডেট করা হয় কিনা জানতে চান? সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) জানান প্রতি বৃহস্পতিবারে তথ্য আপডেট করা হয়। বিপিসি এবং পেট্রোবাংলার ডেইলি ডাটার ভিত্তিতে ড্যাশবোর্ড আপডেট করা হয়। মহাপরিচালক ড্যাশবোর্ডে বিস্ফোরক পরিদপ্তরের লাইসেন্স নবায়ন সংক্রান্ত বিষয়ে জানতে চাইলে সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) শিহাব মাহমুদ জানান করণীয় ঠিক করা হচ্ছে।</p>	ড্যাশবোর্ডের তথ্য নিয়মিত আপডেট করতে হবে।

